



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৩১.২৪.৩২৩

তারিখ: ৩ বৈশাখ ১৪৩১

১৬ এপ্রিল ২০২৪

বিষয়: অ্যাটর্নি জেনারেলের কার্যালয় এর সাথে যোগাযোগ সাপেক্ষে রিট পিটিশন নং ২৩৩৬/২০২৪ মোকদ্দমায় প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: (১) জনাব মোঃ মনছুর দলদার, সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ৬নং ওয়ার্ড, মশ্বিমনগর ইউনিয়ন পরিষদ, মনিরামপুর, যশোর-এর আবেদন, তারিখ-১৩/০৩/২০২৪ খ্রি.
(২) হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২৩৩৬/২০২৪-এর ০৩/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন ১০নং মশ্বিমনগর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ মনছুর দলদার-কে গত ২৩/০১/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৭.২৭.০২৮.১৪-৫২ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ মনছুর দলদার সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২৩৩৬/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপনের কার্যকারিতা ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখা-কে ২নং এবং জেলা প্রশাসক, যশোর-কে ৪নং প্রতিপক্ষসহ মোট আট জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, অ্যাটর্নি জেনারেলের কার্যালয় এর সাথে যোগাযোগ সাপেক্ষে বিবেচ্য মোকদ্দমায় প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8704/potrojariAttachmentRef/53669/0/2240)

১৬-৪-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম

উপসচিব

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জনাব আবু হানিফ, বিজ্ঞ প্যানেল আইনজীবী, স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৩১.২৪.৩২৩/১(৫)

তারিখ: ৩ বৈশাখ ১৪৩১

১৬ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১৬-৪-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম

উপসচিব